



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-০০৬


তারিখঃ ০২/০১/২০১৭ খ্রিঃ

আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের অনলাইন সফটওয়্যার নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য বারংবার তাগিদ দেয়া সত্ত্বেও অধিকাংশ উপজেলা নিয়মিত হালনাগাদ করেন না। তাই হালনাগাদ করার বিষয়টি শতভাগ নিশ্চিত করার জন্য আগামী ১৫/০১/১৭ খ্রিঃ তারিখ হতে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনলাইন সফটওয়্যার নিয়মিতভাবে তদারকি করা হবে। যে সকল উপজেলায় নিয়মিত হালনাগাদ করা হবে না সে সকল উপজেলার এআরডিও ও হিসাব সহকারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, যদি কোন উপজেলার অনলাইন সফটওয়্যারে জটিলতা থাকে তবে তা আগামী ১৪/০১/১৭খ্রিঃ এর মধ্যে নিরসন করতে হবে।

২। প্রতি মাসের ০১ তারিখে প্রকল্পের অনলাইন সফটওয়্যার হালনাগাদ থাকলেই শুধুমাত্র বর্ণিত কর্মকর্তা/কর্মচারী বেতন ভাতা প্রাপ্য হবেন। ০২ তারিখ বা পরবর্তী সময়ে সফটওয়্যার হালনাগাদ করলে প্রকল্প সদর দপ্তরের অনুমোদন ব্যতীত বেতন ভাতা পরিশোধ করা যাবে না।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----

২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----

৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।

(প্রতি মাসের ০১ তারিখ অনলাইন সফটওয়্যারে ০১ তারিখ প্রদর্শন করে কিনা তা নিশ্চিত হয়ে এআরডিও ও হিসাব সহকারীর বেতন প্রদানের জন্য অনুরোধ করা হলো।)

৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----

৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।